USAID | BANGLADESH
FROM THE AMERICAN PEOPLE

প্রেস বিজ্ঞপ্তি

ইউএসএআইডির মিশন পরিচালকের খুলনা-যশোর সফর

ঢাকা, সেপ্টেম্বর ২০, ২০১৮ – কৃষি, শ্রম ও খাদ্য সহায়তা কর্মসূচিসহ ইউএসএআইডি-র গুরুত্বপূর্ণ উন্নয়ন কর্মসূচিগুলো পরিদর্শনে বাংলাদেশে ইউএসএআইডির মিশন পরিচালক ডেরিক ব্রাউন গত ১৮ সেপ্টেম্বর থেকে ২০ সেপ্টেম্বর যশোর-খুলনা অঞ্চল সফর করেন। ওয়ার্ল্ডফিশ, ডব্লিউএফপি, উইনরক ইন্টারন্যাশনাল এবং ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশসহ অন্যান্য বাস্তবায়ন সহযোগী প্রতিষ্ঠানের সঙ্গে যৌথভাবে এই পরিদর্শনের আয়োজন করা হয়।

ডেরিক ব্রাউন এ বিষয়ে বলেন, 'মানুষের জীবন বদলে যাওয়ার নানা ঘটনা এবং দৃঢ়প্রতিজ্ঞা আর কঠোর পরিশ্রমের মাধ্যমে তারা কীভাবে বাধাবিপত্তি জয় করে জীবনমানের উন্নতি ঘটিয়েছে, সেসব কাহিনী শুনলে সত্যিই অনুপ্রেরণা পাওয়া যায়। তাঁদের এই বড় অর্জনে ইউএসএআইডি এর মাধ্যমে যুক্তরাষ্ট্রের জনগণও যে একটি ছোট ভূমিকা রাখতে পেরেছে, তা জেনেও খুব ভালো লেগেছে।

পরিদর্শনের সময় ডেরিক ব্রাউন ও তাঁর সঙ্গে থাকা প্রতিনিধিদল স্থানীয় সরকারি কর্মকর্তা, স্থানীয় নেতা ও সংশ্লিষ্ট কর্মসূচিগুলোতে অংশগ্রহণকারীদের সঙ্গে সাক্ষাৎ করেন। খুলনায় তাদের প্রধান কর্মসূচির মধ্যে ছিল দারিদ্র্য, ক্ষুধা ও প্রাকৃতিক দুর্যোগে আক্রান্ত মানুষের জন্য সমন্বিত 'শান্তির জন্য খাদ্য' উন্নয়ন কর্মসূচি 'নবযাত্রা' পরিদর্শন এবং শ্রম পরিস্থিতি সম্পর্কে জানতে একটি চিংড়ি ও মাছ প্রক্রিয়াকরণ কারখানায় ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ও শ্রমিক নেতাদের সঙ্গে সাক্ষাৎ। ডেরিক ব্রাউন ইউএসএআইডি-ইউএনডিপির অর্থায়নে অ্যাক্সেস টু ইনফরমেশন (এটুআই) প্রকল্পের সহায়তায় পরিচালিত একটি ডিজিটাল কেন্দ্রও পরিদর্শন করেন। এটি স্থানীয় তৈরি পোশাককর্মীদের বিভিন্ন সরকারি সেবার তথ্য পেতে সহায়তা করে। আন্তঃসীমান্ত মানবপাচার চক্রের হাত থেকে রেহাই পাওয়া ব্যক্তিদের জন্য নির্মিত একটি আশ্রয়কেন্দ্রে থাকা সুবিধাভোগীদের সঙ্গেও তিনি কথা বলেন।

যশোরে ডেরিক ব্রাউন 'জনতা ইঞ্জিনিয়ারিং' পরিদর্শন করেন। এটি একটি কৃষি সরঞ্জাম প্রস্তুত, সংযোজন এবং বিপণনকারী প্রতিষ্ঠান যা আকারে ছোট হলেও দ্রুত বড় হচ্ছে। তিনি

EMBASSY OF THE UNITED STATES OF AMERICA
PUBLIC AFFAIRS SECTION
TEL: 88-025566-2000
E-MAIL: DhakaPA@state.gov WEBSITE: https://bd.usembassy.gov/

ইউএসএআইডি-র অর্থায়নে পরিচালিত কৃষি ও পুষ্টি কার্যক্রম পরিদর্শন করেন, যা স্থানীয় ৪ লক্ষ ক্ষুদ্রচাষীকে কারিগরি সহায়তা দেয়। ইউএসএআইডি মিশন পরিচালক স্থানীয় কিছু প্রশিক্ষণপ্রাপ্ত সবজিচাষীর সঙ্গেও সাক্ষাৎ করেন। বেসরকারি খুচরা বিক্রেতা প্রতিষ্ঠান স্বপ্ন-এর সঙ্গে অংশীদারত্বের ভিত্তিতে ইউএসএআইডির এগ্রিকালচারাল ভ্যালু চেইন প্রকল্পের আওতায় এ কৃষকদের নতুন চাষপদ্ধতি এবং স্বাস্থ্য, ব্যক্তিগত নিরাপত্তা ও স্বাস্থ্যবিধি বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

ইউএসএআইডি-র মাধ্যমে যুক্তরাষ্ট্রের সরকার ১৯৭১ সাল থেকে এ পর্যন্ত বাংলাদেশকে সাত শ কোটি মার্কিন ডলারেরও বেশি উন্নয়ন সহায়তা দিয়েছে। বাংলাদেশের মানুষের জীবনমানের উন্নয়নে ২০১৭ সালে ২১ কোটি ২০ লাখ ডলারের বেশি সহায়তা দিয়েছে ইউএসএআইডি। যেসব কর্মসূচির আওতায় এ অর্থ দেওয়া হয়েছে তার মধ্যে রয়েছে খাদ্য নিরাপত্তা ও অর্থনৈতিক সুযোগের সম্প্রসারণ, স্বাস্থ্য ও শিক্ষা ক্ষেত্রে উন্নয়ন, গণতান্ত্রিক প্রতিষ্ঠান ও অনুশীলনকে এগিয়ে নেওয়া, পরিবেশ রক্ষা এবং জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলার সামর্থ্য বৃদ্ধির জন্য নেওয়া বিভিন্ন উদ্যোগ

EMBASSY OF THE UNITED STATES OF AMERICA
PUBLIC AFFAIRS SECTION
TEL: 88-025566-2000
E-MAIL: DhakaPA@state.gov WEBSITE: https://bd.usembassy.gov/